

সূরা - ১১২

একত্ব

(আল-ইখলাস)

মক্কায় অবতীর্ণ

আল্লাহর নাম নিয়ে, যিনি রহমান, রহীম।

- ১ তুমি বলো— “তিনি আল্লাহ, একক-অদ্বিতীয়;
- ২ “আল্লাহ— পরম নির্ভরস্থল।
- ৩ “তিনি জন্ম দেন না, এবং জন্ম নেনও নি;
- ৪ “এবং কেউই তাঁর সমতুল্য হতে পারে না।”